গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
জাহাজ ও নৌ চলাচল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

নম্বর ১৩.০১.০০০০.০৮৩.০৪.০০৯.২০.২৮৬

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: **তালিকাভুক্তির কার্যক্রম স্থগিতকরণ**

**উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন ২০২০-২১ অর্থ বছরের অবশিষ্ট সময় হতে ০২ (দুই) বছরের জন্য তালিকাভুক্তির মাধ্যমে নৌপরিবহণ ঠিকাদার** মেজর ক্যারিয়ার খুলনা নিয়োগের লক্ষ্যে **চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের** ২৬/০৮/২০২০ খ্রি. তারিখের ১৯৫ নং এবং ১০/০৯/২০২০ খ্রি. তারিখের ২১১ নং স্মারকে সংশোধিত তালিকাভুক্তি (Enlistment) বিজ্ঞপ্তি জারি করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্রসমূহ গত ২০/০৯/২০২০ খ্রি. গ্রহণ করা হয় এবং উন্মুক্তকরণ কমিটি কর্তৃক একইদিন বেলা- ২:৩০ ঘটিকায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ আবেদনপত্র দাখিলকারী/প্রতিনিধিদের উপস্থিতিতে খোলা হয়। মোট ৪০ (চল্লিশ)টি আবেদনপত্র পাওয়া যায়। প্রাপ্ত আবেদনপত্রসমূহ মূল্যায়নের জন্য গত ১২/১১/২০২০ খ্রি. তারিখে তালিকাভুক্তি মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় ৪০ (চল্লিশ)টি আবেদনপত্রের মধ্যে প্রদত্ত কাগজপত্র/দলিলাদি সঠিক থাকায় ৩২ (বত্রিশ) জন আবেদনকারীকে তালিকাভুক্তির যোগ্য অর্থাৎ রেসপনসিভ হিসেবে ঘোষণা করা হয় এবং আবেদনপত্রের সাথে প্রদত্ত কাগজপত্র/দলিলাদি যথাযথভাবে দাখিল না করায় ০৮ (আট) জন আবেদনকারীকে তালিকাভুক্তির অযোগ্য অর্থাৎ ননরেসপনসিভ হিসেবে ঘোষণা করা হয়।

জনৈক মেসার্স সোহেল এন্টারপ্রাইজ, মালিক-জনাব মোঃ নূরুল ইসলাম খান (কালু), ২৩, মুন্সিপাড়া, ৩য় গলি, খুলনা কর্তৃক উক্ত স্মারকের তালিকাভুক্তির বিজ্ঞপ্তির বিরুদ্ধে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, সদর, খুলনায় মোকদ্দমা ৬৮/২০২০ নং দায়ের করেন। বাদির আবেদনের প্রেক্ষিতে ২৬/০৮/২০২০ খ্রি. তারিখের ১৯৫ নং স্মারক ও তদসংশ্লিষ্ট নির্দেশাবলি মোতাবেক পরবর্তী কার্যক্রম পরিচালনা না করার জন্য অত্র মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বিজ্ঞ আদালত গত ১৯/১১/২০২০ খ্রি. তারিখে নিষেধাজ্ঞা দ্বারা বারিত করেন। বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা আদেশের কারণে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তালিকাভুক্তিসহ সকল কার্যক্রম স্থগিত করা হলো। পরবর্তী কার্যক্রম যথানিয়মে যথাসময়ে সকলকে অবহিত করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০-১১-২০২০
ড. এস এম মুহসিন
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা

২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (বিজ্ঞপ্তিটি সিপিটিইউ এর ওয়েবসাইটে প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো।

৪) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৫) বিজ্ঞ আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর

৬) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পউকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৭) প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা ঢাকা।

৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট।

৯) সাইলো সুপার (সকল)

১০) সিনিয়র গণসংযোগ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

১৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (সকল)

১৫) ব্যবস্থাপক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সকল

১৬) খাদ্য ভবনের নোটিশ বোর্ড

১৭) অফিস/মাস্টার কপি